



তথ্যবিবরণী

নম্বর: ২০১

রুয়েটে ১ম ইউআরপি প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল এর উদ্বোধন

রাজশাহী; ৩০ মাঘ (১৩ ফেব্রুয়ারি):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) আজ বৃহস্পতিবার শিক্ষক, অ্যালামনাই ও বর্তমান শিক্ষার্থীদের অংশগ্রহণে ১৩ ও ১৪ ফেব্রুয়ারি দুই দিনব্যাপী ১ম ইউআরপি প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল ২০২৫ শুরু হয়েছে।

সকালে আরবান এন্ড রিজিওনাল প্যানিং (ইউআরপি) বিভাগের উদ্যোগে ১ম ইউআরপি প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল উপলক্ষে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এম এস আব্দুর রাজ্জাক। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে রুয়েট কেন্দ্রীয় শহিদ মিনারে শেষ হয়। এরপর বেলুন ও ফেস্টুন উড়িয়ে উপাচার্য অধ্যাপক ড. এম এস আব্দুর রাজ্জাক দুই দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানটির উদ্বোধন করেন। এরপর উপাচার্য ১ম ইউআরপি প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল উপলক্ষে প্রকাশিত Nogorkothon ৩.০ নামক বিশেষ প্রকাশনার মোড়ক উন্মোচন করেন।

পরে রুয়েট কেন্দ্রীয় মিলনায়তনে ১ম প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, ১ম ইউআরপি প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল আয়োজনের মাধ্যমে নগর পরিকল্পনা বিষয়ে সচেতনতা বৃদ্ধি, পেশাদার ও শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সংযোগ সৃষ্টি হবে এবং পরিকল্পনা বিষয়ক বিভিন্ন ইভেন্টে শিক্ষার্থীরা অংশগ্রহণের মাধ্যমে তাদের সৃজনশীলতার বিকাশ ঘটাবে।

ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোসা. ইলমী ফরিদাতুলের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রকল্যাণ দপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) জেড.এইচ.এম মঞ্জুর মোর্শেদ, এ্যাসোসিয়েশন অব রুয়েট প্যানার্স অ্যালামনাই সভাপতি শুভকান্তি পোদ্দার, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্যানার্স (বিআইপি) বোর্ডের সদস্য মো. ফাহিম আবেদিন প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডীন, সকল পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানবৃন্দ উপস্থিত ছিলেন।

১ম ইউআরপি প্যানার্স রিইউনিয়ন এবং প্যানিং কার্নিভাল উপলক্ষে ওয়ার্কশপসহ বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট যেমন- পোস্টার প্রেজেন্টেশন, ফটোগ্রাফি কম্পিটিশন, প্রজেক্ট ডিজাইন, ডকুমেন্ট প্রদর্শনী ও বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ১৪ ফেব্রুয়ারি শুক্রবার দুই দিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানের সমাপনী অনুষ্ঠিত হবে।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১.৩০ঘ.